155

দৈনিক ইত্তেফাক

তারিখ 23 MAY 1997
পৃষ্ঠা 2 কলাম 9

সচেতন শিক্ষক ও অভিভাবক ফোরাম

## এসএসসি পরীক্ষায় অনিয়মে উদ্বেগ প্রকাশ

সচেতন শিক্ষক ও অভিভাবক ফোরামের এক সভায় এস,এস,সি পরীক্ষায় প্রবেশপত্র প্রদানের অনিয়ম, কোন কোন কেন্দ্রে আসন সংখ্যার চেয়ে বেশী পরীক্ষার্থী হওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করা হইয়াছে। অধ্যক্ষ শামসেআরা হোসেনের সভানেত্রীত্বে সম্প্রতি অনুষ্ঠিত ফোরামের সভায় উল্লেখিত অনিয়মের প্রতি দৃষ্টি দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান হয়।

সভায় পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির প্রেক্ষিতে পরীক্ষক নিযুক্তির ব্যাপারে নীতিমালা পরিবর্তন এবং কোন পরীক্ষককে দুইশতের বেশী উত্তরপত্র মূল্যায়নের জন্য না দেওয়ার সুপারিশ করা হয়। এছাড়া পাবলিক পরীক্ষার খাতা দেখা শিক্ষকদের জন্য বাধ্যতামূলক করা এবং শিক্ষকদের খাতা দেখার অনীহার কারণ দূর করার আহ্বান জানান হয়।

অধ্যাপিকা এ,এন, রাশেদা, অধ্যাপিকা ফিরোজা আক্তার, ওয়াসিউল মাসুম, শিবানী দাস ও কে, এম ওয়াদুদ প্রমুখ সভায় বক্তব্য রাখেন। —প্রেস বিজ্ঞপ্তি